# AKASHVANI(AIR(
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**31-05-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) দেশের বিভিন্ন অংশে তাপপ্রবাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকলকে সাবধানে থাকতে ও বিভিন্ন সরকারি দপ্তরের বিজ্ঞপ্তিগুলি মেনে চলতে পরামর্শ দেন।

তিনি আজ আকাশবাণীতে "মন কি বাত"-এর ১৩৪-তম পর্বে তাঁর চিন্তা-ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেন।

২) রাজ্যে চৌসা, হিমসাগর আমের কথা তুলে ধরে তিনি বলেন, স্থানীয় বাজার থেকে যথাযথ প্রক্রিয়াকরণের মাধ্যমে এগুলি আজ বিশ্ববাজারে জায়গা করে নিয়েছে।

৩) তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর নিগ্রহের ঘটনায় গ্রেপ্তার ছয়।

প্রতিবাদ দেখাতে গিয়ে বিক্ষোভের মুখে শ্রীরামপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জী।

৪) তৃণমূল কংগ্রেস হিংসার রাজনীতি ফিরিয়ে আনলে নতুন সরকার তা কঠোরভাবে মোকাবিলা করবে বলে জানান পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল।

৫) নানা কর্মসূচীর মধ্য দিয়ে আজ বিশ্ব তামাক বর্জন দিবস পালিত হচ্ছে।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কী বাতের ১৩৪ তম পর্বে ঝাড়খণ্ডের রাঁচিতে আয়োজিত ন্যাশনাল সিনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের অভিনন্দন জানান। প্রতিযোগিতায় জাতীয় রেকর্ড তৈরি করা দৌড়বীদ অনিমেষ কুজুর ও গুরিন্দরবীর সিং-এর সঙ্গেও কথা বলেন তিনি। উভয়ের মধ্যেই ক্রীড়াবিদসুলভ মানসিকতারও প্রশংসা করে শ্রী মোদী বলেন, তাঁরা দুজনেই ভবিষ্যতে দেশের নাম উজ্জ্বল করবেন।

বাইট-মোদী

দেশের বিভিন্ন অংশে তাপপ্রবাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী সকলকে সাবধানে থাকতে, বেশি করে জল খেতে এবং বিভিন্ন সময়ে প্রকাশ হওয়া সরকারি দফতরের বিজ্ঞপ্তিগুলি মেনে চলতে বলেন।

বাইট-মোদী

এই গরমের মোকাবিলায় শ্রী মোদী, দেশের বিভিন্ন গ্রামের রান্নাঘরে যে দেশীয় পদ্ধতিতে তৈরি পানীয়গুলি রয়েছে তার কথাও উল্লেখ করেন। ভারতবর্ষের বিভিন্ন গ্রামের রান্নাঘরে যে পানীয়গুলি গরমের মোকাবিলায় সহায়তা করে, তারও উল্লেখ করেন তিনি। উত্তর ভারতের আম পান্না; পাঞ্জাব, হরিয়ানার লস্যি; রাজস্থান, গুজরাতের ছাঁচ; বিহার, ঝাড়খণ্ড, পূর্ব উত্তরপ্রদেশের ছাতুর সরবৎ; কোঙ্কন, গোয়ার কোকম শরবৎ ও সোলকারি; দক্ষিণ ভারতের পানকম, নীর মোর, সম্বারন এবং ওড়িশার বেলপান্নার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই পানীয়গুলি কোনও বিশেষ বিজ্ঞাপন ছাড়াই প্রজন্মের পর প্রজন্ম ধরে আমাদের ঐতিহ্য বজায় রাখতে সাহায্য করে, যা স্বাস্থ্যের জন্যও উপকারী।

বাইট-মোদী

মন কী বাতের এই পর্বে প্রধানমন্ত্রী গরমকালে দেশের বিভিন্ন অঞ্চলের আমের বৈচিত্র্যের কথাও তুলে ধরেন। মালদার চৌসা আমের সঙ্গে বহু মানুষের স্মৃতি জড়িয়ে আছে। বাংলার হিমসাগর আমের কথা তুলে ধরে তিনি বলেন, এই আম আজ স্থানীয় বাজার থেকে যথাযথ প্রক্রিয়াকরণের মাধ্যমে বিশ্ব বাজারে জায়গা করে নিচ্ছে। দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য, আম ফলনে যুক্ত কৃষকদের ভূয়সী প্রশংসা করেন শ্রী মোদী।

বাইট-মোদী

উত্তরপ্রদেশে একটি গাঙ্গেয় ডলফিন উদ্ধার অভিযানের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, এই ডলফিন উদ্ধারকে কেবল একটি প্রাণরক্ষা বলে ভাবলে চলবে না, বরং তার সঙ্গে গঙ্গা সহ অন্যান্য নদীমাতৃক সভ্যতার জীববৈচিত্র্য রক্ষা করার এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবেও দেখতে হয়। শ্রী মোদী বলেন, পুকুরে সাঁতার কাটা, মাটির গন্ধ উপভোগ করার মধ্য দিয়ে, পরিবেশ রক্ষার ধারাবাহিকতা বজায় থাকে।

বাইট-মোদী

---------------------

বর্ধমানে বিজেপির দলীয় কার্যালয়ে আজ প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠান শোনার আয়োজন করা হয়। দলের কর্মী সমর্থকদের নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠান শোনেন। উপস্থিত ছিলেন দলের সাংগঠনিক জেলা সভাপতি অভিজিৎ তা, বর্ধমান দক্ষিণের নবনির্বাচিত বিধায়ক মৌমিতা বিশ্বাস মিশ্র।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উপর হামলার ঘটনায় ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতেরা সকলেই সোনারপুর দক্ষিণের, প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক লাভলী মৈত্র ঘনিষ্ঠ বলে জানা গেছে। আজ তাদের বারুইপুর আদালতে তোলা হবে। গতকাল, সোনারপুরে মৃত তৃণমূল কর্মীর বাড়িতে গিয়েছিলেন অভিষেক। সেখানে জনরোষের মুখে পড়েন তিনি। ছোঁড়া হয় ডিম, ইটের টুকরো। গাড়ি ঘিরে 'চোর' স্লোগানও দেওয়া হয়।

এদিকে, অভিষেক ব্যানার্জী-কে নিগ্রহের প্রতিবাদে হুগলির চন্ডীতলা থানায় ডেপুটেশন দিতে গিয়ে স্থানীয়দের ক্ষোভের মুখে পড়েন শ্রীরামপুর লোকসভার তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জী। তাঁর মাথায় আঘাত লেগেছে বলে তৃণমূল কংগ্রেস জানিয়েছে। সেখানে গেলে স্থানীয়রা কালো পতাকা দেখান, দেওয়া হয় চোর স্লোগানও।

এদিকে, বিজেপির শ্রীরামপুর জেলা সাংগঠনিক সভাপতি সুমন ঘোষ জানান, এই ঘটনার পেছনে বিজেপির কোনও হাত নেই।

---------------------

তৃণমূল কংগ্রেস বাংলায় নতুন করে হিংসার রাজনীতি ফিরিয়ে আনার চেষ্টা করলে, নতুন সরকার তা কঠোর হাতে মোকাবিলা করবে বলে জানিয়েছেন পুর মন্ত্রী অগ্নিমিত্রা পাল। অভিষেক ব্যানার্জীর উপর গতকালের হামলা, কোন ভাবেই সমর্থনযোগ্য নয় বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, এর আগে বিজেপির সভাপতি, বিরোধী

দলনেতাকেও এই পরিস্থিতির সামনে পড়তে হয়েছিল, তখন সেই ঘটনাকে জনরোষ বলে আখ্যা দিয়েছিলেন তৎকালীন মুখ্যমন্ত্রী।

বাইট-অগ্নিমিত্রা

---------------------

আজকের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

---------------------

বিশ্ব তামাক বর্জন দিবসের এবারের থিম "আকর্ষণের মুখোশ উন্মোচন ও তামাক নিকোটিনের আসক্তির মোকাবিলা"।

---------------------

আলিপুরদুয়ারের বেশ কিছু তৃণমূল কংগ্রেস নেতৃত্ব, দল ছেড়ে ISF-এ যোগদানের চেষ্টা করছে বলে জানালেন ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকী। তিনদিনের জেলা সফরে আজ আলিপুদুয়ারের দলীয় নেতৃত্বদের সঙ্গে বৈঠক করেন তিনি। পাশাপাশি, আগামীদিনে উত্তরবঙ্গের তাঁদের সংগঠন আরও মজবুত হতে চলেছে বলেও দাবি করেন নওশাদ।

---------------------

আর্থিক দুর্নীতির অভিযোগে তৃণমূল কংগ্রেসের পূর্ব বর্ধমান জেলা সাধারণ সম্পাদক দিগন্ত পালকে গ্রেপ্তার করেছে কাটোয়া থানার পুলিশ। জবকার্ডের নথি ব্যবহার করে, ভুয়ো ব্যাংক অ্যাকাউন্ট খুলে ১০০ দিনের কাজের টাকা আত্মসাতের অভিযোগে, কড়ুই গ্রামপঞ্চায়েত এলাকার বাসিন্দা ওমর আলি সেখ ১৭ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। গ্রেফতারের পর দিগন্ত পাল এটিকে একটি মিথ্যা মামলা বলে দাবি করেন।

পাশাপাশি, পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্রের প্রাক্তন তৃণমূল বিধায়ক তপন চট্টোপাধ্যায়ের বাড়িতে আজ সকালে অভিযান চালিয়ে একাধিক ত্রাণ সামগ্রী উদ্ধার করে পুলিশ। এরপরই জিজ্ঞাসাবাদের জন্য তাকে গ্রেফতার করা হয়।

বর্ধমান দক্ষিণের প্রাক্তন তৃণমূল কংগ্রেস বিধায়ক খোকন দাসকেও আজ দীনদয়াল উপাধ্যায় স্টেশন থেকে পুলিশ আটক করেছে। তাঁর বিরুদ্ধে, তোলাবাজি, জোর করে সম্পত্তি দখল, হুমকি, ২০২১ এ ভোট পরবর্তী হিংসার অভিযোগ রয়েছে।

অন্যদিকে, পূর্ব মেদিনীপুর জেলার খেজুরি বিধানসভার তৃণমূল কংগ্রেস প্রার্থী রবীনচন্দ্র মন্ডলকে গ্রেফতার করেছে ভগবানপুর থানার পুলিশ। অস্ত্র আইন সহ একাধিক ধারায় অভিযুক্ত, এই তৃণমূল নেতাকে, গতরাতে কলকাতার আনন্দপুর থেকে গ্রেফতার করা হয়। তাকে আজ কাঁথি মহকুমা আদালতে তোলা হবে।

---------------------

বীরভূমের বোলপুরে ডাম্পারের ধাক্কায় প্রাণ হারালেন চাঁদু রায় নামে এক সাইকেল আরোহী। বোলপুর থেকে সিয়ান যাওয়ার রাস্তায় আজ সকালে একটি ডাম্পার নিয়ন্ত্রণ

হারিয়ে তাঁকে ধাক্কা মারলে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। পুলিশ ওই ডাম্পার ও চালকের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

---------------------

দক্ষিণবঙ্গে আগামী চার পাঁচ দিন বিশেষ বৃষ্টির সম্ভাবনা নেই, তবে উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়ার সম্ভাবনা রয়েছে। বিক্ষিপ্তভাবে কয়েকটি জায়গায় আজ হালকা থেকে মাঝারে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এদিকে মেঘলা আবহাওয়া থাকায় তাপমাত্রা কিছুটা কম রয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম।

--------------------- ---------------------